

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।
www/kalihati.tangail.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৯৩৪৭.০০০.১৮.০০১.২০১৯. ১১৫

তারিখ: ২৬ মার্চ ১৪২৬
০৯ ফেব্রুয়ারি ২০২০

হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কালিহাতি উপজেলাধীন ১১টি ইউনিয়নে অবস্থিত নিম্নলিখিত হাট-বাজারসমূহ সরকারি নীতিমালা মোতাবেক ১৪২৭ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদের জন্য নিম্নে প্রদত্ত শর্তসাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আহ্বান ইজারাদার/ব্যক্তিবর্গের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

ক্রমিক নং	হাট-বাজারের নাম	ইউনিয়ন	সরকারী সম্ভাব্য মূল্য	সিডিউলের মূল্য
১	পটল হাট	দুর্গাপুর	২৩৪৬৪৯	১২০০
২	গোহালিয়াবাড়ী হাট	গোহালিয়াবাড়ী	১৩৭৮০০	১০০০
৩	মগড়া বাজার	দশকিয়া	৩৭৭৩৬০	১৪০০
৪	সয়া হাট	নারান্দিয়া	১০০১৭০	১০০০
৫	নারান্দিয়া বাজার	ঐ	১৪৪৯৬	৫০০
৬	সহদেবপুর হাট	সহদেবপুর	১৫৯০	৫০০
৭	পৌজান হাট	ঐ	৭৪৯০৭	৫০০
৮	দক্ষিণ চামুরিয়া বানিয়াফের হাট	ঐ	১৮২০	৫০০
৯	ছাতিহাটি হাট	পাইকড়া	৪০৮৩৮	৫০০
১০	বল্লা হাট	বল্লা	১৫৮১১৬৭	১০০০
১১	রামপুর ভাষানী হাট	ঐ	১০০০৯৮১	২৮০০
১২	রামপুর হাট	ঐ	৯৬৬২৮	৫০০
১৩	কোকডহরা হাট	কোকডহরা	৩৫১৫৭	৫০০
১৪	বলধী হাট	ঐ	৬২৫৪০	৫০০
১৫	পাছচারান হাট	ঐ	৩৩৫৬৭	৫০০
১৬	ভড়েশ্বর হাট	পারখী	১৮৯১৯২	১০০০
১৭	বর্গা হাট	ঐ	১১৯৪৮	৫০০
১৮	কম্বুরীপাড়া হাট	বীরবাসিন্দা	১৫৯৭৭৬	১০০০
১৯	রাজাফের হাট	ঐ	১২৬১৪	৫০০
২০	রতনগঞ্জ হাট	নাগবাড়ী	৩০৮১৫৪	১৪০০০
২১	মরিচা হাট	ঐ	২৫১২৩৬	১২০০০

(খ) নিম্নে বর্ণিত দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময়সূচি মোতাবেক দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতিটি সেট হাট-বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর অফিস, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কালিহাতি থানা এবং সোনালী ব্যাংক, কালিহাতি শাখা হতে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। দরপত্রসমূহ জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর অফিস এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐদিন বেলা ৪-০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। ১ম পর্যায়ে দরপত্র গৃহীত না হলে ২য় পর্যায়ে এবং ২য় পর্যায়ে গৃহীত না হলে ৩য় পর্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। পরবর্তীতে এ বিষয়ে আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। এক পর্যায়ে সিডিউল অন্য পর্যায়ে ব্যবহার করা যাবে না।

দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময়সূচি :

দরপত্রের পর্যায়	দরপত্র বিক্রির শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	২৩/০২/২০২০ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৪/০২/২০২০ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত	২৪/০২/২০২০ বেলা ৪-০০ ঘটিকায়
২য় পর্যায়	০২/০৩/২০২০ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৩/০৩/২০২০ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত	০৩/০৩/২০২০ বেলা ৪-০০ ঘটিকায়
৩য় পর্যায়	১০/০৩/২০২০ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১১/০৩/২০২০ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত	১১/০৩/২০২০ বেলা ৪-০০ ঘটিকায়
৪র্থ পর্যায়	১৮/০৩/২০২০ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯/০৩/২০২০ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত	১৯/০৩/২০২০ বেলা ৪-০০ ঘটিকায়
৫ম পর্যায়	২৯/০৩/২০২০ অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩০/০৩/২০২০ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত	৩০/০৩/২০২০ বেলা ৪-০০ ঘটিকায়

১৪২৭ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

- ১। বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪২৭ সনের ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সময় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপণ করা হইবে।
- ৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর কোড নং ১/১১৪১/০১২০/০১১১ এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) কোড নং- ১/১১৩৩/০০৩৫/০৩১১ তে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর কপি অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।
- ৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য সিডিউল ক্রয়ের রশিদসহ পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
- ৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।
- ১৭। চুক্তিপত্রের যেকোন শর্ত লঙ্ঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(শামীম আরা নিপা)

উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।

মোবা: ০১৭৬২ ৬৯ ১৬ ৩২

unokalihati@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৯৩৪৭.০০০.১৮.০০১.২০১৯. ২২৫ (৬৫)


তারিখ: ২৬ মাঘ ১৪২৬
০২ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), টাঙ্গাইল।
- ৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/সইজ/এলজিইডি/পাউবো বিভাগ, টাঙ্গাইল।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল।
- ১০। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।

পাতা-৩

- ১১। মেয়র, পৌরসভা, কালিহাতি/এলেঙ্গা, টাঙ্গাইল।
- ১২। সহকারী কমিশনার (ভূমি), কালিহাতি, টাঙ্গাইল।
- ১৩। উপজেলা অফিসার, কালিহাতি।
- ১৪। অফিসার-ইন-চার্জ, কালিহাতি থানা, টাঙ্গাইল।
- ১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কালিহাতি, টাঙ্গাইল।
- ১৬। পোস্ট মাস্টার, কালিহাতি, টাঙ্গাইল।
- ১৭। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), কালিহাতি। এ দরপত্র বিজ্ঞপ্তি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক ইজারা দরপত্র অনুষ্ঠানের দুইদিন পূর্বে জারীর প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ইউনিয়ন ভূমি অফিস, কালিহাতি, টাঙ্গাইল। তাকে এ দরপত্র বিজ্ঞপ্তি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক ইজারা দরপত্র অনুষ্ঠানের দুইদিন পূর্বে জারীর প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য বলা হলো।
- ১৯। জনাব
২০। নোটিশ বোর্ড, ও অত্রাফিস।


০৩.০২.২০২০
উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।